মাননীয় শিক্ষামন্ত্রীর দপ্তর

আগামী ১২ মে মাননীয় শিক্ষামন্ত্রীর মা রহিমা ওয়াদুদের

কুলখানি

১০ই মে ২০২৩

আগামী শুক্রবার, ১২ই মে, ২০২৩ বাদ আসর (বিকাল ৫ঃ০০ টায়) মরহুমা রহিমা ওয়াদুদের কুলখানি কলাবাগান ক্রীড়াচক্র মাঠে (কলাবাগান বাস স্ট্যান্ডের বিপরীতে) অনুষ্ঠিত হবে।

চাঁদপুরের প্রথম মুসলমান উকিল মরহুম আবদুল হাকিমের কন্যা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ঘনিষ্ট সহচর, ছাত্রলীগের প্রথম কাউন্সিল নির্বাচিত সাধারণ সম্পাদক মরহুম এম এ ওয়াদুদের সহধর্মিনী এবং শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ও চাঁদপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও বিশিষ্ট শল্য চিকিৎসক ডা. জাওয়াদুর রহিম ওয়াদুদের মাতা অবসরপ্রাপ্ত শিক্ষিকা রহিমা ওয়াদুদ গত ৬ ই মে ঢাকার কলাবাগানে তাঁর নিজ বাসভবনে ৮৯ বছর বয়সে বার্ধক্যজনিত কারনে মৃত্যুবরণ করেন। ৭ই মে তাঁকে বনানী কবরস্থানে তাঁর স্বামীর কবরে সমাহিত করা হয়।

মৃত্যুকালে তিনি এক পুত্র, পুত্রবধূ, এক কন্যা, জামাতা, পাঁচ নাতি-নাতনী, তাদের স্ত্রী-স্বামী ও এক প্রপৌত্র, এক বোন, আত্মীয় পরিজন, অসংখ্য শিক্ষার্থী ও গুনগ্রাহী রেখে গেছেন।

তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় স্পীকার, মাননীয় মন্ত্রীবৃন্দ, সংসদ সদস্যবৃন্দ,

রাজনৈতিক নেতৃবৃন্দ, উর্ধ্বতন সামরিক ও অসামরিক কর্মকর্তাবৃন্দ, পেশাজীবীবৃন্দ, শিক্ষা পরিবারের সদস্যবৃন্দসহ সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ। ছুটে এসেছেন আত্মীয়স্বজন, প্রতিবেশী, রাজনীতিক, সাবেক শিক্ষার্থীসহ বহু মানুষ। যে বিপুল সংখ্যক মানুষ মরহুমার জানাযা ও দাফনে অংশ নিয়েছেন এবং যারা শোক ও সমবেদনা জানিয়েছেন তাঁদের সবার প্রতি মরহুমার পরিবার গভীর কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

মরহুমা রহিমা ওয়াদুদের কুলখানি উপলক্ষ্যে দোয়া মাহফিলে উপস্থিত হয়ে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও তাঁকে বেহেশত্ দান করবার জন্য মহান আল্লাহ রাব্বুল আলামীনের দরবারে প্রার্থনায় অংশগ্রহন করার জন্য তাঁর পুত্র, পুত্রবধূ, কন্যা, জামাতা, নাতি-নাতনীসহ তাঁর পরিবারের পক্ষ থেকে আত্মীয়, পরিজন, প্রতিবেশী, সহকর্মী, শুভানুধ্যায়ী সবাইকে বিনীত অনুরোধ করা হয়েছে।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা